



Compiled and circulated by

Dr. Bhakti Pada Jana

SACT (Grade II), Department of History, Narajole Raj College

জন স্টুয়ার্ট মিলের স্বাধীনতা তত্ত্ব

উনবিংশ শতাব্দীর ব্যক্তিগততত্ত্ববাদী ধারণার এক বিশিষ্ট প্রদর্শন হল স্বাধীনতা সম্পর্কে মিলের ব্যাখ্যা। তিনি বলেছেন যে, প্রগতির স্বার্থে, মানুষের সুস্থ বিকাশের জন্য পূর্বকার চিন্তাভাবনা, জ্ঞানের ক্ষেত্রে পরিবর্তন আনা আবশ্যিক। তাঁর মতে, মানুষ শুধু বস্তুগত স্বার্থ ও সুখের দ্বারা পরিচালিত না হয়ে তার আত্মিক ও নৈতিক শক্তির বিকাশ ঘটাক।

মিল প্রধানত তিনটি বিষয়ের উপর আমাদের দৃষ্টি দেওয়ার কথা বলেছেন :

- ক) ব্যক্তিগত স্বাধীনতার কেন্দ্রীয় বিষয় হিসাবে চিন্তা ও মতপ্রকাশের স্বাধীনতার গুরুত্ব।
- খ) ব্যক্তির ব্যক্তিত্বের বিকাশ।
- গ) ব্যক্তিগত স্বাধীনতার প্রশ্নে সমাজ ও ব্যক্তির ভূমিকা।

প্রসঙ্গত বলা যায়, মিল শুধু বাইরের নিয়ন্ত্রণ থেকে মুক্ত হয়ে স্বাধীনভাবে জীবনযাপনকে বোঝান নি। মিলের কাছে স্বাধীনতা বলতে বোঝায় মানুষের আত্মশক্তির উদ্ভোধন, নিজস্ব মৌলিক চিন্তাভাবনার বিকাশ, দৈহিক ও মানসিক শক্তির বিকাশ। তিনি বিশ্বাস করেন উন্নতমানের ব্যক্তিই উন্নত সমাজ গড়ার করিগর। মিলের মতে, যদি দেখা যায় সমস্ত মানুষ একদিকে আর একজন মানুষ তাঁর চিন্তা ও ভাবনার উৎকর্ষে অন্য অবস্থানে অবিচল তাহলে তাঁকে দমিয়ে দেওয়ার কোনো অধিকার সমাজের নেই।

চিন্তা ও আলোচনার স্বাধীনতা বলতে মিল বোঝেন ব্যক্তিগত চিন্তা। তাঁর মতে কোনো মতকে রুদ্ধ করার অর্থ মানবজাতির উপর দস্যুবৃত্তি করা; বর্তমান প্রজন্মের উপর আঘাত হানা। সমস্ত ক্ষেত্রেই চিন্তা ও মতামত প্রকাশের স্বাধীনতা থাকা উচিত এবং স্বাধীনতা হবে নিরঙ্কুশ। সত্যকে পরিপূর্ণভাবে উদ্ভাবন করা কখনই কোনো একজন ব্যক্তি বা কোনো এক গোষ্ঠীর পক্ষে সম্ভবপর নয়। ব্যক্তি ও সরকার উভয়েই যত্নবান হবে, সত্যক থাকবে শ্রেষ্ঠ মতটি গঠনের জন্য এবং কখনই নিজের মতকে অপরের উপর চাপিয়ে দেওয়া যাবে না। মানুষের বিচারবুদ্ধি, বিচক্ষণতার শ্রেষ্ঠত্ব এখানেই। প্রতিটি বিষয়ে আলোচনার বিভিন্ন দিক ও ধারার মধ্যে ভারসাম্য থাকা দরকার।

মিলের ধারণা হল প্রতিটি মতের মধ্যেই ভালো কিছু আছে। রাজনীতিতে শৃঙ্খলা বা স্থায়িত্ব এবং প্রগতি বা সংস্কার উভয়েরই পাশাপাশি অবস্থান থাকা দরকার। উভয়েরই উভয়ের কাছে থেকে শিক্ষা নেবে।



Compiled and circulated by

Dr. Bhakti Pada Jana

SACT (Grade II), Department of History, Narajole Raj College

ব্যক্তিত্বের বিকাশ

মিল গুরুত্ব দিয়েছেন ব্যক্তির রুচি ও পেশা বা পছন্দের স্বাধীনতাকে। তাঁর মতে, ব্যক্তি যদি অপরের ক্ষতি না করে, অপরকে আঘাত না দিয়ে নিজের পছন্দকে বেছে নেয় এবং নিজেকে বিকশিত করতে চায় তবে সে অধিকার তার থাকা উচিত। মানবিক প্রবৃত্তির প্রতিটি দিক অর্থাৎ উপলব্ধি, বিচারবুদ্ধি, চিন্তার বৈচিত্র্য, মানসিক তৎপরতা, নৈতিক পছন্দ সমস্ত ক্ষেত্রে ব্যক্তির স্বাধীনতার উপর নির্ভরশীল দরকার। ব্যক্তি তার পর্যবেক্ষণকে ব্যবহার করবে, বিচার বুদ্ধিকে কাজে লাগাবে, সক্রিয়তাকে বাবহার করবে, ভালো মন্দ বিচার করবে সিদ্ধান্ত নিতে। মিলের মতে, মানুষের সৃষ্টিকার্যে মানুষ নিজেই সবচেয়ে ভালো সৃষ্টি। মানুষ যা করে যন্ত্রের দ্বারা তা সম্পন্ন হলেও, যন্ত্র মানুষের বিকল্প নয়। তাঁর মতে, মানুষকে গাছের মতো বেড়ে ওঠার সুযোগ দিতে হবে, তার অর্থ এই নয় যে, সে যেমন চায় বেড়ে ওঠবার ও বিকশিত হবার সুযোগ দিতে হবে।

শৃঙ্খলাহীন ব্যক্তিত্বের কোনো মূল্য নেই। মিলের মতে, এক ব্যক্তি কাছ থেকে অন্য ব্যক্তি তার গুণাবলী গ্রহণ করতে শিখবে, সভ্য ও মার্জিতের দ্বারা প্রভাবিত হবে নিম্নমানের ব্যক্তির। ব্যক্তির মৌলিকতা একটি মূল্যবান উপাদান। উন্নত ব্যক্তি ই দিতে পারবে উন্নত জীবন। মিল বিশেষ মূল্য দেন পারদর্শিতার উপর, প্রতিভার উপর। মিল স্বাধীনতার ক্ষেত্রে প্রগতির নীতিকে ব্যবহার করতে চেয়েছেন। প্রথা ভেঙে, শৃঙ্খলা উপড়ে ফেলে স্বাধীনতা বিকাশের কথা তিনি বলেন না। গণতান্ত্রিক ব্যবস্থা, শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা এবং জনমতের চাপে মানুষ একই পরিবেশ ও প্রভাবের অধিনে এসে পড়ছে। এর ফলে হারিয়ে যাচ্ছে ব্যক্তিত্ব। এর জন্য ব্যক্তিত্বের উন্নত ও বহুমুখী বিকাশ প্রয়োজন।

সমাজ ও ব্যক্তি

মিল বিশ্বাস করেন সমাজের কাছে যারা আশ্রয় লাভ করে সমাজকেও তাদের কিছু দেবার আছে। ব্যক্তি এমন কিছু করবেন না যা অপরকে আঘাত করে। প্রত্যেক ব্যক্তিকে শ্রমদান বা ত্যাগ স্বীকারের মধ্যে দিয়ে সমাজ এবং তার সদস্যদের রক্ষা করতে হবে। মিল এমন কোনো বিষয়কে মনে স্থান দিতে আগ্রহী নন যেক্ষেত্রে নিজের এলাকা বা সীমার মধ্যে থেকেই ব্যক্তি কাজ করছে। পরস্পরের প্রতি সহযোগিতার মানসিকতা নিয়ে ব্যক্তি চলবে, তবে ব্যক্তি মানুষ তার আত্মসম্পর্কিত এলাকার গুণাবলিকে অগ্রাধিকার দেবে এবং আত্মসম্পর্কিত এলাকাকে প্রয়োজনমতো গুরুত্ব দেবে।

মিলের কথায় ভালো মন্দের পার্থক্য বোঝা এবং মন্দকে সরিয়ে ভালোকে গ্রহণ করার ব্যাপারে মানুষ একে অপরের সাহায্য নিতে পারে। মিল মনে করেন, কোনো ব্যক্তিকে তার ভুলত্রাস্তি সম্পর্ককে সর্তক করার, তাকে সংযত হতে সাহায্য সচেতন করতে পারে।



Compiled and circulated by

Dr. Bhakti Pada Jana

SACT (Grade II), Department of History, Narajole Raj College

মিল আত্মসম্পর্কিত ও অন্যান্যদের সম্পর্কিত এলাকার মধ্যে সূক্ষ্ম পার্থক্য টেনে বলতে চেয়েছেন দুটি এলাকা আমাদের চেতনায় ও আচরণে পৃথক। ব্যক্তির কাজ অন্যান্যদের খুশির কারণ কিনা, সমাজের দিক থেকে বিপজ্জনক কিনা সেটা ভেবেই ব্যক্তিস্বাধীনতাকে সীমিত করা যাবে। সমাজ বা সরকার যদি ব্যক্তির ব্যাপারে অহেতুক হস্তক্ষেপ করে তবে তা অন্যায়। সংখ্যাগরিষ্ঠের কল্যাণের নামে আইনের জোরে সংখ্যাগরিষ্ঠের উপর চাপানো হস্তক্ষেপ যে অনেক ক্ষেত্রেই ভ্রান্ত ও অন্যায় মিল-এর তাতে কোনো সন্দেহ নেই।